

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।
www.dghs.gov.bd

নথি নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৫৯টি জেনাঃ/সদর হাসঃ/অবস্ এ্যান্ড গাইনী পদ সৃজন/২৩/

তারিখঃ-

বরাবর

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ,
স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃঃ আঃ-যুগ্ম সচিব (প্রশাসন)।

বিষয়ঃ- ৫৯টি জেনারেল হাসপাতালে অবস্ এ্যান্ড গাইনী বিভাগে রাজস্বখাতে নতুন পদ সৃজন প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে উল্লেখ করা যাচ্ছে যে, অধ্যাপক ফেরদৌসী বেগম, সভাপতি-ওজিএসবি এবং অধ্যাপক গুলশান আরা, মহাসচিব-ওজিএসবি (Obstetrical And Gynaecological Society of Bangladesh) ৫৯টি জেনারেল/সদর হাসপাতালে অবস্ এ্যান্ড গাইনী বিভাগে রাজস্বখাতে নতুন পদ সৃজনের জন্য প্রস্তাবনা/আবেদন করেছেন।

প্রস্তাবের সাথে (০১)পদ সৃজনের চেকলিষ্ট, (০২) ৫৯টি জেনারেল/সদর হাসপাতালের জন্য প্রস্তাবিত পদের নাম, সংখ্যা ও বেতনস্কেল (সার-সংক্ষেপসহ), (০৩) খসড়া নিয়োগ বিধি, (০৪) অর্গানোগ্রাম, (০৫) ৫৯টি জেনারেল/সদর হাসপাতালের জন্য অবস্ এ্যান্ড গাইনী বিভাগে নতুন পদ সৃষ্টির যৌক্তিকতা, (০৬) কর্মপরিচালনার নির্ধারিত 'ছক', (০৭) ৫৯টি জেনারেল/সদর হাসপাতালের অবস্ এ্যান্ড গাইনী বিভাগে প্রস্তাবিত পদ এবং বাৎসরিক আর্থিক সংশ্লেষ, (০৮) কাজ বৃদ্ধির পরিমাণ, প্রকৃত বর্ণনা ও কারণসহ প্রস্তাবনা পেশ করেছেন।

এমতাবস্থায় অধ্যাপক ফেরদৌসী বেগম, সভাপতি-ওজিএসবি এবং অধ্যাপক গুলশান আরা, মহাসচিব-ওজিএসবি (Obstetrical And Gynaecological Society of Bangladesh) ৫৯টি জেনারেল/সদর হাসপাতালে অবস্ এ্যান্ড গাইনী বিভাগে রাজস্বখাতে নতুন পদ সৃজনের জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রাপ্ত প্রস্তাবনা সংযুক্তাকারে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ইহাতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্তঃ-----পাতা/ফর্দ।


(অধ্যাপক ডা. মোঃ শামিমুল ইসলাম)
পরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
hrm@ld.dghs.gov.bd

নথি নং-স্বাঃ অধিঃ/প্রশা-২/৫৯টি জেনাঃ/সদর হাসঃ/অবস্ এ্যান্ড গাইনী পদ সৃজন/২৩/

তারিখঃ- ২৪/৭/২৩


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃঃ আঃ-সহকারী পরিচালক, সমন্বয়)।

০২। অধ্যাপক ফেরদৌসী বেগম, সভাপতি-ওজিএসবি।

০৩। অধ্যাপক গুলশান আরা, মহাসচিব-ওজিএসবি।

০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (এমআইএস) স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (পত্রখানা ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় অনুরোধসহ)।


23.07.2023
(ডাঃ মুহাম্মদ মইনুল হক বান)
সহকারী পরিচালক (প্রশাসন-১)
মহাপরিচালকের পক্ষে
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।